

ঢাকা ওয়াসা

- ১। মডস জোন-২ এর অনুকূলে বাজেট বরাদ্দের কপি।
 ২। পিডাব্লিউডি রেট সিডিউল ও পূর্বানুমোদিত দরের কপি।
 ৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ Repairing & Maintenance work of different dia water line leakage under MODS Zone-2, Dhaka WASA কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রঃ নং ০১ হতে ০৩ দয়া করে দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার মডস জোন-২ পুরান ঢাকার বিভিন্ন এলাকার পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কার্যক্রম পরিচালন করে থাকে। মডস জোন-২ এর আওতাধীন এলাকা মোট ১৯ টি DMA (District Metering Area) তে বিভক্ত রয়েছে। পানির অপচয় তথা NRW (Non Revenue Water) রোধ কল্পে DMA সিস্টেম নির্মাণ করা হয়েছে। কিন্তু পুরান ঢাকা ঘনবসতি পূর্ণ হওয়ায় এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকায় নতুন ঢালাইকৃত রাস্তার রোড কাটিং এর অনুমতি না পাওয়ায় অত্র জোনের পুরানো নেটওয়ার্কের সকল সংযোগ কর্তন করা সম্ভব হয় নাই। বর্তমানে পদ্মা যশলদিয়া পানি শোধনাগার এবং সায়েদাবাদ পানি শোধনাগারের উৎপাদিত পানি অত্র জোনের বিভিন্ন এলাকায় সরবরাহ করা হচ্ছে। ফলে পানির অত্যধিক চাপ থাকায় প্রায়শই মডস জোন-২ এর বিদ্যমান পুরাতন পাইপ লিকেজ হয়ে প্রচুর পানির অপচয় হয়। এছাড়া পানির অত্যধিক চাপ থাকায় সার্ভিস কানেকশন গুলো লিকেজ/ ছিদ্র হচ্ছে এবং উক্ত লিকেজ দিয়ে ময়লা পানি নেটওয়ার্কে প্রবেশ করে পানি দূষিত করে। অত্র জোনের আওতাধীন বিভিন্ন এলাকায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের স্টর্ম সুয়্যার নেটওয়ার্ক নির্মাণ কাজ চলমান। এছাড়াও ডিপিডিসি আন্ডার গ্রাউন্ড ক্যাবলস্থাপন/ প্রতিস্থাপন কাজ যা বাস্তবায়নের জন্য Excavator Machine দিয়ে রাস্তা খনন করে DSCC কর্তৃক স্টর্ম সুয়্যার নেটওয়ার্ক এবং DPDC কর্তৃক বৈদ্যুতিক ক্যাবল স্থাপন কাজ করা হচ্ছে। ফলে Excavator Machine এর মাধ্যমে মাটি খননের সময় পানির লাইন ক্ষতিগ্রস্ত হয়ে প্রচুর পানির অপচয় হয়। পুরান ঢাকা ঘনবসতি পূর্ণ, বানিজ্যিক এবং আবাসিক এলাকা হওয়ায় লিকেজের অভিযোগ পাওয়া মাত্রই জরুরি ভিত্তিতে লিকেজ মেরামত কাজ করতে হয়। বর্তমানে মডস জোন-২ এ কর্মরত পিএলআই, পিএলএম পর্যাপ্ত নাই এবং প্রায় সকলে অধিক বয়স হওয়ায় মাটি কাটার মত ভারি কাজ করতে সক্ষম নয়। ফলে লিকেজ মেরামত, ময়লা পানির অভিযোগ সমূহ দ্রুত সম্পন্ন করার জন্য বাহির হতে লেবার সংগ্রহ করতে হয়। এছাড়া বিভাগীয় ভান্ডারে সকল মালামাল পর্যাপ্ত না থাকায় বাহির হতে মালামাল ক্রয় করার প্রয়োজন হয়। পানির লাইন লিকেজ মেরামত কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পিডাব্লিউডি রেট সিডিউলের দর ও পূর্বানুমোদিত দরের ভিত্তিতে প্রাক্কলন তৈরি করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে = ৪৭,৯৬৯/- (সাতচল্লিশ হাজার নয়শত ঊনসত্তর টাকা) মাত্র। উক্ত কাজের খরচ মডস জোন-২ এর ২০২৬-২৭ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "Water Line Maintenance" খাতের থেকে বরাদ্দ হতে বাজেটভুক্ত করা হবে।

২। এমতাবস্থায়, Repairing & Maintenance work of different dia water line leakage under MODS Zone-2, Dhaka WASA কাজ বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলনে উপস্থাপিত সর্বমোট = ৪৭,৯৬৯/- (সাতচল্লিশ হাজার নয়শত ঊনসত্তর টাকা) মাত্র এর প্রাক্কলনটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ বিধি ৯৯(ডে) অনুসরণে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান নাদিয়া এন্টারপ্রাইজ এর অনুকূলে পরিশোধের অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য কাজের প্রাক্কলন অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

02/06/24
 মোঃ ওমর ফারুক
 উপ-সহকারী প্রকৌশলী
 ঢাকা ওয়াটার ওয়ার্কস
 মডস জোন-২, ঢাকা ওয়াসা

A/E

02/08/26

E/E

02/08/2026
 মোহাম্মদ নজরুল ইসলাম
 নির্বাহী প্রকৌশলী
 মডস জোন-২
 ঢাকা ওয়াসা।

SB/MDS-1

06/06/24
 মোঃ ফিরোজ আলম
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 মডস সার্ভিস-১, ঢাকা ওয়াসা।

03/08/2024
 আলমগীর হাছিন আহমেদ
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।

SG-MDS-